40

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 SEP. 1996 ...
পৃষ্ঠা ... ৯২ ... কলাম ... ৭ ...

# প্রতিটি শিক্ষা বোর্ডে পৃথক কম্পিউটার সেল স্থাপনের দাবী

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন স্ব স্ব শিক্ষা বোর্ডে কম্পিউটার সেল স্থাপন করিয়া ১৯৯৭ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলা-

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## প্রতিটি শিক্ষা বোর্ডে

(১ম পৃঃ পর)

ফল প্রকাশের জন্য কর্তৃপক্ষকে আহ্বান জানাইয়াছে। গতকাল (রবিবার) শিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশনের সভাপতি আমজাদ হোসেন বকশীর সভাপতিত্বে অনুষ্ঠিত বোর্ড কর্মচারীদের এক জরুরী সভায় এ ব্যাপারে কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করিয়া আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হয়। কর্মসূচী অনুযায়ী ৯ই অক্টোবর হইতে ১৩ই অক্টোবর পর্যন্ত ৫ দিন কালো ব্যাজ ধারণ, ১৪ই অক্টোবর হইতে ২০শে অক্টোবর পর্যন্ত প্রতিদিন সকাল ৮টা-১০টা এবং ২১শে অক্টোবর হইতে ২৭শে অক্টোবর পর্যন্ত প্রতিদিন সকাল ৮টা-১২টা কর্মবিরতি পালন করা হইবে।

সভায় বলা হয়, ১৯৯৪ সাল হইতে ঢাকায় কম্পিউটার সেল স্থাপন করিয়া দেশের ৪টি শিক্ষা বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হইতেছে। প্রতিটি শিক্ষা বোর্ড হইতে কর্মকর্তা-কর্মচারীগণ কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করিয়া ফলাফল প্রকাশের কাজ করিতেছেন। এখানে বাহিরের কোন বিশেষজ্ঞ নিয়োগ করার প্রয়োজন হয় নাই। দূর-দূরান্তের বোর্ডগুলি হইতে ঢাকায় পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র, তথ্য, এস আই এফ, নম্বর, হাজিরা পত্রের বিবরণী পাঠাইতে নানা জটিলতা ও সমস্যার কারণে ফলাফল প্রকাশে নানাবিধ অনিয়ম দেখা দেওয়ায় পরীক্ষার্থী ও অভিভাবক মহলে হতাশার সৃষ্টি হইতেছে। ইহাছাড়াও কম্পিউটার কেন্দ্রের খরচের ক্ষেত্রে নানা প্রকার অনিয়ম হইতেছে। প্রতি বোর্ড হইতে সার্বক্ষণিকভাবে ১০/১৫ জন কর্মকর্তা-কর্মচারী ঢাকায় কম্পিউটার কেন্দ্রে নিয়োজিত থাকায় বোর্ডের স্বাভাবিক কাজকর্ম ব্যাহত হইতেছে।